গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮
শের-ই-বাংলা নগর, ঢাকা

"০৮টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যাবিশিষ্ট শান্তি নিবাস স্থাপন প্রকল্প" শীর্ষক চলমান প্রকল্পের সমীক্ষা কার্যক্রমের Terms Of References (TOR)

(ক) **প্রকল্পের বিবরণী:**

১. **প্রকল্পের নাম: ০৮টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যাবিশিষ্ট শান্তি নিবাস স্থাপন প্রকল্প।**
২. **প্রকল্পের ধরন:** বিনিয়োগ
৩. **অর্থায়নের উৎস:** জিওবি
৪. **উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ:** সমাজকল্যাণ মন্ত্রণালয়
৫. **বাস্তবায়নকারী সংস্থা:** সমাজসেবা অধিদপ্তর
৬. **প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল ও অনুমোদন সংক্রান্ত:**

(লক্ষ টাকায়)

বিষয়	অনুমোদিত প্রাক্কলিত ব্যয়			বাস্তবায়নকাল	অনুমোদনের তারিখ	পরিবর্তন (+/-)	
	মোট	জিওবি	প্র:সা:			ব্যয় (%)	মেয়াদ (%)
মূল ডিপিপি	৭৩৯৮.৯১	৭৩৯৮.৯১	-	জুলাই ২০২০ হতে জুন ২০২৪	২২/০৯/২০২০	-	-

(খ) **প্রকল্প এলাকা:**

বিভাগ	জেলা	উপজেলা
ঢাকা	গোপালগঞ্জ	টুংগিপাড়া
রংপুর	লালমনিরহাট	সদর উপজেলা
ময়মনসিংহ	ময়মনসিংহ	সম্ভুগঞ্জ
সিলেট	সুনামগঞ্জ	সুনামগঞ্জ সদর
চট্টগ্রাম	নোয়াখালী	মাইজদী
রাজশাহী	রাজশাহী	বাঘা
খুলনা	খুলনা	মহেশ্বরপাশা, খুলনা
বরিশাল	বরিশাল	সাগরদী, বরিশাল

(গ) **প্রকল্পের উদ্দেশ্য:**

- প্রবীণদের সাথে সহাবস্থানের ভিত্তিতে পারিবারিক আবহে শিশুদের বেড়ে ওঠার লক্ষ্যে শান্তি নিবাস স্থাপন;
- ৮টি বিভাগে ৮টি সরকারি শিশু পরিবার এর ভিতর ৮টি শান্তি নিবাস স্থাপন;
- অবহেলিত সিনিয়র সিটিজেনদের (বয়:বৃদ্ধ ব্যক্তি) নিরাপদ আবাসনের ব্যবস্থা করা;
- সন্তানদের অবহেলার শিকার দু:স্থ বয়:বৃদ্ধ ব্যক্তিদের জীবনমানের উন্নয়ন নিশ্চিত করা;
- অবহেলিত বয়:বৃদ্ধ ব্যক্তিদের পরিচর্যা, নিরাপত্তা ও প্রয়োজনীয় সকল চাহিদা যথাযথভাবে নিরূপণ করে সেই হিসেবে ব্যবস্থা গ্রহণ; এবং
- প্রতি কেন্দ্রে ৫ তলা ভিতের উপর আধুনিক সকল সুযোগ-সুবিধা সম্বলিত ৩ তলা ভবন নির্মাণ করা।

(ঘ) **প্রকল্পের প্রধান প্রধান কার্যক্রম:**

- নির্মাণ ও পূর্তকাজ (১২৯৬৮ বর্গমিটার)
- আসবাবপত্র ক্রয় (২৩৫৮টি)
- যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম ক্রয় (৭১৩টি)
- বিছানাপত্র ক্রয় (২১০০টি)
- ব্যবহৃত দ্রব্যাদি ক্রয় (৫৫৯৪টি)
- যানবাহন ব্যবহার (২টি)
- কনসাল্টিং ফার্ম
- অভ্যন্তরীণ প্রশিক্ষণ-১৫০ জন

(ঙ) **পরামর্শক প্রতিষ্ঠানের দায়িত্ব:**

ক.	প্রকল্পের বিবরণ (পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধনের অবস্থা, অর্থায়নের বিষয় ইত্যাদি সকল প্রযোজ্য তথ্য) পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
খ.	প্রকল্পের অর্থবছরভিত্তিক কর্ম পরিকল্পনা, অর্থবছরভিত্তিক বরাদ্দ, ছাড় ও ব্যয় ও বিস্তারিত অঙ্গভিত্তিক বাস্তবায়ন (বাস্তব ও আর্থিক) অগ্রগতির তথ্য সংগ্রহ, সন্নিবেশন, বিশ্লেষণ, সারণি/লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও পর্যালোচনা;
গ.	প্রকল্পের উদ্দেশ্য অর্জনের অবস্থা পর্যালোচনা ও প্রকল্পের উদ্দেশ্য ও লগ ফ্রেমের আলোকে Output পর্যায়ের অর্জন পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
ঘ.	প্রকল্প এলাকার শিশু পরিবারগুলো ও বসবাসরত আবাসিক ভবনসমূহের বর্তমান অবস্থা পর্যালোচনা ও বিশ্লেষণ এবং এ বিষয়ে প্রয়োজনীয় সুপারিশ প্রদানসহ শিশু ও প্রবীনদের মনস্তত্ত বিশ্লেষণ করে তাদের সহাবস্থানের বিষয়ে মতামত দিতে হবে;
ঙ.	প্রকল্পের আওতায় সম্পাদিত/চলমান বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত আইন ও বিধিমালা (পিপিএ, পিপিআর) এবং প্রকল্প দলিলে উল্লিখিত ক্রয় পরিকল্পনা প্রতিপালন করা হয়েছে/হচ্ছে কি না সে সকল বিষয়ে তুলনামূলক পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
চ.	প্রকল্পের আওতায় সংগৃহীত/সংগৃহীতব্য পণ্য, কার্য ও সেবা পরিচালনা এবং রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় জনবলসহ (টেকসই পরিকল্পনা) আনুষঙ্গিক বিষয় পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
ছ.	প্রকল্পের সংগৃহীত/সংগ্রহের প্রক্রিয়াধীন বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংশ্লিষ্ট ক্রয় চুক্তিতে নির্ধারিত স্পেসিফিকেশন/BOQ/TOR, গুনগতমান, পরিমাণ অনুযায়ী প্রয়োজনীয় পরিবীক্ষণ/যাচাইয়ের মাধ্যমে সংগ্রহ করা হয়েছে/হচ্ছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
জ.	প্রকল্পের ঝুঁকি অর্থাৎ বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যা যেমন অর্থায়নে বিলম্ব, বাস্তবায়নে পণ্য, কার্য, ও সেবা ক্রয়/ সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প বাস্তবায়নে বিলম্বের কারণ পর্যালোচনা, প্রকল্পের সাইট সিলেকশনে যথার্থতা যাচাই, ব্যবস্থাপনায় অদক্ষতা ও প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধি ইত্যাদির কারণসহ অন্যান্য দিক বিশ্লেষণ, পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
ঝ.	প্রকল্প অনুমোদন সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) অর্থ বরাদ্দ, অর্থ ছাড়, বিল পরিশোধ ইত্যাদি বিষয়ে তথ্য-উপাত্তের পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
ঞ.	প্রকল্পের উদ্দেশ্য, লক্ষ্য, প্রকল্পের কার্যক্রম, বাস্তবায়ন পরিকল্পনা, প্রকল্প ব্যবস্থাপনা, ঝুঁকি, মেয়াদ, ব্যয়, অর্জন ইত্যাদি বিষয় বিবেচনা করে একটি SWOT ANALYSIS;
ট.	প্রকল্প সংশ্লিষ্ট নথিপত্র পর্যালোচনা ও মাঠ পর্যায় হতে প্রাপ্ত তথ্যের বিশ্লেষণের আলোকে সার্বিক পর্যালোচনা, পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় সুপারিশসহ একটি প্রতিবেদন প্রণয়ন ও জাতীয় কর্মশালায় প্রতিবেদনটি উপস্থাপন। জাতীয় কর্মশালায় প্রাপ্ত মতামত সন্নিবেশ করে চূড়ান্ত প্রতিবেদন প্রণয়ন;
ঠ.	এ অর্থবছরের জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহ যে সব FGD, KII-সহ সরেজমিন পরিদর্শন সম্পন্ন করবেন তার একটি ভিডিও (নূন্যতম ৩০ মিনিটের) প্রমাণক হিসেবে আবশ্যিকভাবে জাতীয় কর্মশালার পূর্বে আইএমইডি-তে দাখিল করতে হবে;
ড.	প্রকল্প পরিচালক নিয়োগ, জনবল নিয়োগ, প্রকল্প ব্যবস্থাপনা কমিটির সভা, প্রকল্প স্টিয়ারিং কমিটির সভা আয়োজন, কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন, অগ্রগতির তথ্য প্রেরণ ইত্যাদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
ঢ.	ইন্টারনাল ও এক্সটারনাল অডিট পর্যালোচনা;
ণ.	অডিট আপত্তি আছে কিনা, থাকলে কয়টি, বিবরণ কী, জড়িত অর্থের পরিমাণ ইত্যাদি বিশ্লেষণ ও সুপারিশ প্রদান;
ত.	আইএমইডি কর্তৃক ১২ অক্টোবর ২০২২ তারিখে জারিকৃত রাজস্ব ও উন্নয়ন বাজেটের আওতায় পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগ অথবা নিজস্ব জনবলের মাধ্যমে বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি)ভুক্ত চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ কার্যক্রম পরিচালনা সংক্রান্ত পরিপত্র অনুযায়ী কার্যক্রম সম্পাদন; এবং
থ.	কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত অন্যান্য বিষয়াবলি।

(চ) **পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ**

ক্রঃ নঃ	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১.	পরামর্শক প্রতিষ্ঠান		• গবেষণা এবং প্রকল্প নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা পরিচালনায় ন্যূনতম ০৩ (তিন) বছরের অভিজ্ঞতা।
২.	(ক) টীম লিডার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সিভিল ইঞ্জিনিয়ারিং বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী । পিএইচডি ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে।	• টীম লিডার হিসেবে কমপক্ষে ৫(পাঁচ) বছরের কাজের অভিজ্ঞতা থাকতে হবে; • নির্মাণ ও পূর্ত কাজে ১০(দশ) বছরের বাস্তব অভিজ্ঞতা; • নিবিড় পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত সমীক্ষা কাজে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; • পরিবীক্ষণ ও মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় অভিজ্ঞতা থাকতে হবে এবং প্রতিবেদন প্রণয়নে বাংলা/ইংরেজির বিষয় ভিত্তিক ভাষাগত জ্ঞানকে বিবেচনায় নেয়া হবে; • পিপিএ ২০০৬ এবং পিপিআর ২০০৮ এর উপর ৩ সপ্তাহ ব্যাপী বেসিক প্রকিউরমেন্ট প্রশিক্ষণ থাকতে হবে। বিভিন্ন প্রকার ক্রয় কার্যক্রম (পণ্য, সেবা, কার্য), ক্রয় পরিকল্পনা, ক্রয় অনুমোদন প্রক্রিয়া, চুক্তি সম্পাদন বিষয়ে বিশ্লেষণ করার অভিজ্ঞতা থাকতে হবে; • সরকারি খাতে উন্নয়ন প্রকল্প প্রণয়ন, প্রক্রিয়াকরণ, অনুমোদন ও সংশোধন পদ্ধতি (জুন ২০২২) বিষয়ে সুস্পষ্ট ধারণা থাকতে হবে; এবং • সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ০৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।
	(খ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সামাজিক বিজ্ঞান (অর্থনীতি/সমাজ বিজ্ঞান/সমাজ কল্যাণ/সমাজকর্ম/ডেভেলপমেন্ট স্টাডিজ ইত্যাদি) বিষয়ে ন্যূনতম স্নাতকোত্তর ডিগ্রি।	• আর্থ-সামাজিক গবেষণা কাজে কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে; • পরামর্শক হিসেবে ন্যূনতম ০২(দুই) বছর কাজ করার অভিজ্ঞতা; এবং • প্রতিবেদন প্রণয়ন এবং উপস্থাপনার অভিজ্ঞতা থাকতে হবে।
	(গ) প্রবীণ ও শিশু বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মনোবিজ্ঞান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী । ক্লিনিক্যাল সাইকোলজিস্টদের অগ্রাধিকার দেয়া হবে।	• শিশুদের নিয়ে সমাজসেবা ও পরিকল্পনা সম্পর্কিত কাজে কমপক্ষে ৫(পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; এবং • বয়স্ক ও শিশুদের নিয়ে কাজ করার অভিজ্ঞতা থাকতে হবে।
	(ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান বিষয়ে ন্যুনতম স্নাতকোত্তর ডিগ্রি	• সংশ্লিষ্ট কাজে ৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন; • কম্পিউটারের মাইক্রোসফট ওয়ার্ড, এক্সেল, SPSSসহ অন্যান্য Statistical Software package পরিচালনায় দক্ষ হতে হবে; • সংশ্লিষ্ট বিষয়ে প্রকাশনা থাকতে হবে; এবং • ডাটা ব্যবস্থাপনা, ডাটা এন্ট্রি, এনালাইসিস ইত্যাদি বিষয়ে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।

- পরামর্শক প্রতিষ্ঠানের সাথে তার নিয়োগকৃত পরামর্শক টিমের প্রত্যেক সদস্যের সাথে সম্পাদিত চুক্তির কপি প্রারম্ভিক প্রতিবেদনে সংযুক্ত করতে হবে।
- পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রস্তাবিত টিম চুক্তির মেয়াদ পর্যন্ত সকল সভায় অংশগ্রহণসহ প্রতিবেদন প্রণয়নে সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। টিম লিডার এ কাজের প্রধান মুখপাত্র হিসেবে দায়িত্ব পালন করবেন।

(ছ) **পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক নিম্নেবর্ণিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ**

ক্রঃ নঃ	প্রতিবেদনের নাম	দাখিলের সময়	মন্তব্য
১.	প্রারম্ভিক প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে।	টেকনিক্যাল কমিটির সভার জন্য
২.	১ম খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে।	তত্ত্বাবধান কমিটির সভার জন্য
৩.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে।	জাতীয় কর্মশালার জন্য
৪.	২য় খসড়া প্রতিবেদন (বাংলায়)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে।	টেকনিক্যাল ও তত্ত্বাবধান কমিটির সভার জন্য
৫.	চুড়ান্ত প্রতিবেদন (বাংলায় ও ইংরেজীতে)	চুক্তি সম্পাদনের ১২০ দিনের মধ্যে।	পরিপত্র অনুযায়ী

* সকল প্রতিবেদন মহাপরিচালক, পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৮, আইএমইডি বরাবর দাখিল করতে হবে। প্রতিবেদনগুলো Nikosh Font এ হতে হবে।

(জ) **ক্রয়কারী কর্তৃক প্রদেয়:**

- প্রকল্প দলিল (ডিপিপি/আরডিপিপি);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য সহযোগীতা প্রদান, ইত্যাদি।

(হ্যাপী দাস)
উপপরিচালক
ফোন: ৯১৩৮৮১০

নথি নং-২১.০০.০০০০.৩০৫.১৪.৭৭.২২

বিষয়: "০৮টি সরকারি শিশু পরিবারে ২৫ শয্যাবিশিষ্ট শান্তি নিবাস স্থাপন" শীর্ষক চলমান প্রকল্পের নিবিড় পরিবীক্ষণ সংক্রান্ত